

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	ইসরাত চৌধুরী অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৫ অক্টোবর ২০২২
সভার সময়	দুপুর ০২.০০ টা
স্থান	Zoom Online Platform
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব, প্রশাসন-৩ (সদস্য সচিব, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ)কে অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

**১.০ আলোচ্য বিষয়:** ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ।

**১.১ আলোচনা:** এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তরসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.৪.১ কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক স্ব স্ব অফিসের জন্য আলাদাভাবে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ করতে হবে। পরবর্তীতে সভায় উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক সম্ভাব্য কর্মপরিকল্পনার বিভিন্ন দিক নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সদস্যবৃন্দ স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কার্যক্রম রেখে কর্মপরিকল্পনা প্রণয়নের প্রস্তাব দেন। কর্মপরিকল্পনায় ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত মতবিনিময় সভা, কর্মশালা, প্রশিক্ষণ, সম্ভাব্য ক্ষেত্র (ওয়ার্কিং এরিয়া) নির্ধারণ, পাইলট প্রকল্প/কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়ন ইত্যাদি অন্তর্ভুক্ত করার জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। সভাপতি সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় যথাসময়ে কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের জন্য আহ্বান জানান। চূড়ান্তকৃত কর্মপরিকল্পনা স্ব স্ব অফিস কর্তৃক সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক উর্ধ্বতন অফিসে প্রেরণ করার জন্য এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় উপস্থিত সদস্যবৃন্দকে অনুরোধ করেন।

**১.২ সিদ্ধান্ত:**

- (ক) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত করতে হবে;
- (খ) নির্ধারিত সময়সূচি মোতাবেক চূড়ান্ত কর্মপরিকল্পনা আওতাধীন অধিদপ্তরসমূহ সুরক্ষা সেবা বিভাগে এবং সুরক্ষা সেবা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

২.০ আলোচ্য বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের জন্য সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের উদ্ভাবনী ধারণা চূড়ান্তকরণ।

২.১ আলোচনা: সভায় সদস্য সচিব সভাকে অবহিত করেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.১ কার্যক্রম অনুযায়ী সিটিজেন চার্টারভুক্ত ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা আগামী ০৪ মে ২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। পরবর্তীতে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ হতে একাধিক উদ্ভাবনী ধারণা সভায় উপস্থাপন করা হয়।

সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত উদ্ভাবনী ধারণাসমূহ চূড়ান্ত করা হয়:

অফিসের নাম	উদ্ভাবনী ধারণা
সুরক্ষা সেবা বিভাগ	দ্বৈত নাগরিকত্ব সনদপত্রের জন্য অনলাইনে আবেদন গ্রহণ, নিরাপত্তা প্রতিবেদন সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং ডিজিটাল (QR কোড সংবলিত) সনদপত্র প্রদান।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে রোগী ভর্তি প্রক্রিয়া অনলাইনকরণ।
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে ERS (Emergency Response System) স্থাপন।
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর	ই-পাসপোর্ট আবেদনের Basic Checks Clearance এর ক্ষেত্রে Artificial Intelligence (AI) সংযোজন।
কারা অধিদপ্তর	বন্দিদের উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যে E- Commerce System চালুকরণ।

চূড়ান্ত উদ্ভাবনী ধারণা ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ উল্লিখিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য এখন থেকেই প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন।

## ২.২ সিদ্ধান্ত:

(ক) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ চূড়ান্ত উদ্ভাবনী ধারণা যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সকল উদ্যোগ/পদক্ষেপ গ্রহণ করবেন।

সভাপতি সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ইসরাত চৌধুরী  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.২১১

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৯

২৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) যুগ্মসচিব, প্রশাসন-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, কারা-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ

৬) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



মোঃ আবদুল কাদির  
যুগ্মসচিব